বাগোয়ান ইউনিয়নের আয়োজনে শিক্ষাত্রীদের মাঝে বাইসাইকেল ও স্যানটারী ন্যাপকিন বিতরণ

মুজিবনগর বাগোয়ান ইউনিয়নের আয়োজনে এলজি এসপি-৩ প্রকল্পের আওতায় শিক্ষাত্রীদের মাঝে বাই সাকেল ও স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় মুজিবনগর বাগোয়ান ইউনিয়ন পরিষদ মিলনাআয়তনে বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেধাবী শির্ক্ষ্থীদের মাঝে বাই সাইকেল,স্যানটারী ন্যাপকিন,কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করেন উপপরিচালকন ভারপ্রাপ্ত স্থানীয় সরকার তৌফিকুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, এস এমসির ডিরেক্টর আনোয়ারুল ইসলাম ও ইউনিয়ন পরিষদের নকল সদস্য, সদস্যা সহ শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি পরে ৩০ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাই সাইকেল, ১৫ শ স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়দের মাঝে পুরষ্কার বিতরন করেন।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে চলছে দ্বিতীয় দিনের মত বাস ধর্মঘট

সড়ক ও পরিবহণ আইন ২০১৯ পরিবর্তনের দাবীতে মেহেরপুরে দ্বিতীয় দিনের মত ধর্মঘট চলছে। সোমবার দুপুর থেকে তারা হঠাৎ বাস চলাচল

বন্ধ করে দেন।

তবে জেলার বিভিন্ন সড়কে আলগামন, নসিমন, করিমন ও বিদ্যুৎচালিত অটোবাইকসহ ছোট খাটো যানবাহন চলছে। আকস্মিক এ সিদ্ধান্তে জেলার মানুষ জন চরম ভোগান্তিতে পড়েছে।

বিশেষ করে স্কুল কলেজের ছাত্র ছাত্রী ও চাকুরীজিবি লোকজন বেশী ভোগান্তিতে পড়েছে। মেহেরপুর জেলা মটরশ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান জানান, নতুন আইনে বড় ধরনের জেল ও জরিমানার বিধান রাখা হয়েছে।

এতে চালকেরা সড়কে বাস চালাতে অনিহা প্রকাশ করেছেন। ফলে মেহেরপুর-কুষ্টিয়া, মেহেরপুর-চুয়াডাঙ্গা, মেহেরপুর-মুজিবনগর সড়কসহ জেলার সব রুটে বাস চলাচল বন্ধ করে দেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ১২ জন গ্রেফতার

পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ১২ জন গ্রেফতার হয়েছেন। গ্রেফতারকৃতদের মধ্যে জিআর মামলায় ৪ জন, সিআর মামলায় ১ জন ও নিয়মিত মামলায় ৭ জন আসামী রয়েছে।

সোমবার দিবাগত রাত থেকে মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার সদর, গাংনী ও মুজিবনগর থানা পুলিশের একাধিক টীম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের গ্রেফতার করেন। এসময় ৩০ বোতল ফেনসিডিল ও ৮০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম জানান, গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে লবনে লঙ্কাকান্ড

মেহেরপুরে লবন নিয়ে এক প্রকার লঙ্কাকান্ড ঘটে গেছে। মঙ্গলবার সকাল থেকেই লবনের দাম বেশি হবে বলে গুজব সৃষ্টি হয়েছে সাধারণ মানুষের মধ্যে।

এই গুজবে মেহেরপুরে বেশ কিছু মানুষ আগে থেকে কম দাম পাওয়ার আশায় লবন কিনতে ভিড় জমাচ্ছে দোকান গুলোতে।

এই সুযোগে কিছু কিছু দোকানদার লবনের আগের মূল্যের চেয়ে বেশি দাম নিলেও ক্রেতারা কেনার জন্য হুমড়ি খেয়ে পড়ছে।

সন্ধার পর সরেজমিনে গিয়ে দেখা যায় মেহেরপুর, গাংনীর প্রতিটি দোকানে একই চিত্র। বড় বড় ব্যাগ হাতে লাইনে দাড়িয়ে থাকতে দেখা যায় অনেক ক্রেতাকেই।
তবে লবন গুজবটি শহরের তুলনায় গ্রাম অঞ্চলে বেশি ছড়িয়েছে। গ্রামে লবন না পেয়ে অনেক লোক শহরে চলে আসে লবন কিনতে।

বারাকপুর গ্রামের স্বপন বলেন, পিয়াজের মত লবনেরও দাম বেশি হবে বলে শুনলাম। গ্রামের দোকানগুলোতে লবন শেষ তাই শহরে আসলাম কিনতে। কোথাই থেকে শুনলেন লবনের দাম বেশি হবে এমন প্রশ্নে জবাবে তিনি বলেন, গ্রামের অনেকেই বলাবলি করছে।
মেহেরপুর হোটেল বাজারের কয়েকজন ব্যবসায়ী জানান, সকাল থেকেই লবন বিক্রি বেড়ে গেছে আমাদের দোকানে। লবনের দাম বেশি হয়ে যাবে বলে হটাৎ করেই লবন কেনার হিড়িক লেগে গেছে।

তবে হটাৎ করেই লবন গুজবে ফায়দা লুটেছে মেহেরপুরের বেশ কিছু ব্যবসায়ীরা। লবনের মূল্য ছাড়াও প্যাকেট প্রতি ১০-১৫ টাকা বেশি নিয়েছে ক্রেতাদের কাছে থেকে।
এদিকে লবন গুজবে কান না মেহেরপুর জেলা প্রশাসন থেকে আহবান জানানো হলেও খুব একটা কাজ হয়নি। সন্ধার পরে জেলা প্রশাসক আতাউল গনি, উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম সহ বেশ কয়েকজন প্রশাসনের লোক পৃথক পৃথক ভাবে বাজার তদারকিতে নামলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

সেই সাথে জেলা তথ্য অফিস থেকে লবন গুজবে কান না দিতে রাতেই মাইকিং করা হয়।
মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি বলেন, এক প্রকার অসাধু লোক দেশে অস্থিতিকর পরিবেশ সৃষ্টি করার লক্ষে বিভিন্ন ধরনের গুজব ছড়াচ্ছে। দেশে পর্যাপ্ত পরিমান লবন মজুদ আছে। লবন নিয়ে যারা গুজব ছড়াবে এবং যেসব দোকানদাররা লবনের দাম বেশি নিবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা যুবলীগের শুভাশীষ নবযাত্রা

আগামী ২৩ তারিখে যুবলীগের জাতীয় কংগ্রেসকে সফল করতে শুভাশীষ নবযাত্রা করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান এর নেতৃত্বে মঙ্গলবার বিকালে মেহেরপুর কোর্টমোড় থেকে নবযাত্রাটি শুরু হয়ে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে গিয়ে শেষ।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা করা হয়। সভায় বক্তব্য দেন শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাবেক প্রচার সম্পাদক আব্দুল মান্নান, উপজেলা পরিষদের চেয়াম্যান ও শহর আওয়ামীলীগের সভাপতি অ্যাড.ইয়ারুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মিয়াজান আলী, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

সংক্ষিপ্ত বক্তব্যের সঞ্চালনা করেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এসময় উপস্থিত ছিলেন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল

ইসলাম, সম্পাদক মন্টু, আমদাহ ইউনয়ন যুবলীগের সভাপতি শহিদুজ্জামান সুইট, সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সম্পাদক মাসুদ রানা, সাবেক জেলা ছাত্রলীগের সম্পাদক জুয়েল রানা সহ মেহেরপুর সকল ইউনিয়ন যুবলীগের সভাপতি-সম্পাদক ও যুবলীগের নেতাকর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচনে সবাই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপ এর নির্বাচনে ২৫ জনের সকলেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

আগামী ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যে সভাপতি-সম্পাদকসহ ২৫ টি পদে ২৫ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র দাখিল করেন। এদিকে মঙ্গলবার চুড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা করা হয়। এতে প্রতিটি পদে একজন করে প্রার্থী থাকায় নির্বাচন কমিশন সকলকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন।

নির্বাচনে সভাপতি পদে গোলাম রসূল, সম্পাদক পদে মিজানুর রহমান রানা নির্বাচিত হন। এছাড়া সহ-সভাপতি পদে আহসানুল হক, মাহফুজুর রহমান রিটন, হাফিজুর রহমান, আনোয়ার সাদাত খোকন, সহ-সাধারণ সম্পাদক পদে সানোয়ার উদ্দিন আহমেদ শহীদ, মুস্তাক আহমেদ বাবু, নুরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক পদে তৌফিকুল বারী বকুল, সোহরাব হোসেন, সড়ক সম্পাদক পদে সাফওয়ান উদ্দিন আহমেদ রূপক, আনিসুর রহমান,ক্রীড়া সম্পাদক আমিনুর ইসলাম, প্রচার সম্পাদক আব্দুর রশিদ, কোষাধক্ষ্য ফারুক হোসেন এবং নির্বাহী সদস্য মহব্বত হোসেন, ইসরাফিল হোসেন, তানভির আহম্মেদ রানা, রফিকুল ইসলাম, মফিজুল ইসলাম, সাজ্জাদুর রহমান মিলন, আজিমুল বারী মুকুল, মহব্বত আলী এবং আব্দুল খালেক কে নির্বাচিত ঘোষণা করা হয়।

নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান হিসেবে আছেন আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, সদস্য হিসেবে আছেন মাহাবুবুল হক মন্টু, মাহাবুব চান্দু।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে প্রতারক আটক

আভিনব কায়দায় টাকা হাতিয়ে নেওয়ার সময় হাতেনাতে এক প্রতারককে আটক করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ। মঙ্গলবার সকাল ১১টায় গাংনী পাইলট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে তাকে আটক করা হয়।
আটককৃত হলো ফরিদপুরের মুকছুদপুর থানার বরুইহাট গ্রামের বারি শিকদারের ছেলে লিটন শিকদার (৪০)।
পুলিশ সুত্রে প্রকাশ, কিছুদিন ধরে অভিযুক্ত লিটন শিকদার মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের মৃত কফিল উদ্দিনের ছেলে জানবার আলিকে নাম মাত্র মুল্যে মাটি খুড়ে পাওয়া স্বর্ন দেবে বললে সে রাজি হয়ে যায়। এদিকে বিষয়টি জানতে পেরে জানবরের সন্তানরা প্রতারককে ধরতে কৌশল করে।
ঘটনারদিন আগে থেকে পরিকল্পনা করে গাংনী থানা পুলিশের সহযোগিতায় লিটন শিকদারকে আটক করে। এসময় লিটন শিকদারের নিকট থেকে পাঁচশত টাকার দুটি আসল নোট এবং ঐ নোট দিয়ে ঢেকে রাখা কাগজের বান্ডিল পাওয়া যায়।
গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম বলেন, আমার তাকে জিজ্ঞাসাবাদ করে আর কেউ জড়িত আছে কিনা জানার চেষ্টা করছি।

-গাংনী প্রতিনিধি

শ্রমিকদের আন্দোলনে অসহনীয় দুর্ভোগে যাত্রীরা

নতুন সড়ক আইন ২০১৮ এর সংশোধনের দাবিতে মেহেরপুর সহ ১৮টি জেলা বাস চলাচল বন্ধ করেছে শ্রমিক ইউনিয়ন।

গতকাল সোমবার সকাল ১০টা থেকে অনির্দিষ্টকালের জন্য সকল রুটের বাস চলাচল বন্ধ রয়েছে। গতকাল থেকে চালু হয়েছে নতুন সড়ক আইন ২০১৮ এর প্রয়োগ সে কারনেই বাস চলাচল বন্ধ করা হয়েছে বলে জানিয়েছে শ্রমিক নেতারা।

এর আগে সড়ক আইন বাতিলের দাবিতে গত শ্রক্রবার মেহেরপুরের লোকাল বাস চলাচল বন্ধ করে দিয়েছিল শ্রমিকরা। পরবর্তিতে শনিবার জেলা পুলিশের হস্তক্ষেপে পুনরায় চালু হয় বাস সার্ভিস। কিন্তু আইন কার্যকর হওয়ার খবরে আবারও গতকাল সোমবার থেকে বন্ধ করে দিয়েছে বাস চলাচল।

এ দিকে বাস চলাচল বন্ধ থাকায় চরম দুর্ভোগে পড়েছে সাধারণ যাত্রিরা। চলাচলে বিভিন্ন হয়রানি সহ গুনতে হচ্ছে অতিরিক্ত টাকা। সেই সাথে ব্যবহার হচ্ছে যাত্রি বহনে অবৈধ যানবহন। জীবনের ঝুঁকি থাকা সত্তে¡ও প্রয়োজনের তাগিদে যেতে হচ্ছে যাত্রিদের।

বাস চলাচল বন্ধ হওয়াতে কপাল ফিরেছে অটো চালকদের। যাত্রি বহনে সব চেয়ে বেশি ব্যবহার হচ্ছে এই অটো। সে হিসেবে যাত্রিদের কাছ থেকে অরিক্তি টাকা আদায় করছে চালকরা। মেহেরপুরে অটো চালানোর নির্দিষ্ট সীমাবদ্ধ থাকলেও বাস বন্ধ থাকায় সে নিয়ম চাপা পড়ে গেছে। পর্যাপ্ত পয়সা দিলেই যাওয়া যাচ্ছে বহুদুর।

মুজিবনগর থেকে আসা মইন উদ্দিন, যাবেন গাংনী কিন্তু বাহন হিসেবে ব্যবহার করছেন অটো। তিনি যানান কাজের প্রয়োজনে যেতে হচ্ছে। বাস বন্ধ, কি করবো? কষ্ট হলেও উপায় নেই সেই সাথে ভাড়াও বেশি দিতে হচ্ছে।

অনার্স দ্বিতীয় বর্ষের কয়েক জন ছাত্রী জানান, আমাদের পরীক্ষা ১-৫ পর্যন্ত। বাস চলাচল বন্ধ সে হিসেবে সঠিক সময়ে আমরা পরীক্ষার হলে পৌঁছাতে পারছিনা আবার বাড়িতেও যেতে পারছিনা।

বাস চলাচল বন্ধের বিষয়ে মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান বলেন, নতুন সড়ক আইন শ্রমিকদের জন্য আতঙ্কের বিষয়। এ জন্য মেহেরপুর সহ ১৮ টি জেলার শ্রমিকরা বাস চলাচল বন্ধ করে দিয়েছে। কবে নাগাদ চালু হতে পারে এমন প্রশ্নের জাবাবে তিনি বলেন, আমরা আশা করছি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা শ্রমিকদের দাবির বিষয়টি ভাববেন। সেই সাথে আমাদের যে দাবী সেটা মেনে নিয়ে সড়ক আইন সিথিল করবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন।
এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।

চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।

তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে। সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে।
এছাড়া প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।
কুষ্টিয়া প্রতিনিধি জানান, কুষ্টিয়াতে সোমবার সকাল থেকে সকল রুটের বাস চলাচল বন্ধ রয়েছে। নতুন সড়ক আইন ২০১৮ সংশোধনের দাবিতে সকল রুটের বাস সার্ভিস বন্ধ রেখেছে শ্রমিক ইউনিয়ন।

এ বিষয়ে কুষ্টিয়া জেলা বাস শ্রমিক ইউনিয়নের সভাপতি মাহাবুবুল হক বলেন, বর্তমানে নতুন আইন তৈরি হয়েছে, এতে ড্রাইভাররা গাড়ি চালাতে চাচ্ছেন না। তিনি আরও বলেন, যেসব চালকদের ড্রাইভিং লাইসেন্স ও প্রয়োজনীয় কাগজপত্র সহ পাঁচ লাখ টাকার ব্যবস্থা আছে কেবল তারাই গাড়ি চালাচ্ছেন। নতুন আইনে প্রতিবাদে শ্রমিকরা সকাল থেকে কুষ্টিয়া-মেহেরপুর, কুষ্টিয়া- ভেড়াামারা ও কুষ্টিয়া-খুলনা সহ সকল আন্তঃজেলা রুটে বাস চলাচল বন্ধ ঘোষণা করেন। অনির্দিষ্টকালের জন্য চালকরা ধর্মঘট পালন করছেন। তবে এতে আমাদের কোনো নির্দেশনা

নেই।

-প্রতিদিন ডেস্ক

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় বিএনপির বিক্ষোভ সমাবেশ

মেহেরপুর শহরের বড়বাজারে পেঁয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সমাবেশ করেছে জেলা বিএনপি।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, লুটেরা, কালো টাকার মালিক, জুয়াড়িদের হাতে রাষ্ট্র শাসন থাকলে জনগণের অধিকার পূরন হবে না। তিনি অবিলম্বে পেঁয়াজ, চালসহ দ্রব্যমুল্যের দাম কমানোর দাবী জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, ইদ্রিস আলী, আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক। সমাবেশে জেলা বিএনপির উপদেষ্টা ইদ্রিস আলী, তোজাম্মেল আযম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা সামসুল আলমসহ শতশত নেতাকর্মী অংশ নেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, পেঁয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে চুয়াডাঙ্গায় বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির নেতাকর্মীরা। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য মো. শরীফুজ্জামান শরীফের নির্দেশনায় সোমবার সকাল সাড়ে ১০টায় সরকারি কলেজ সড়কের অ্যাসোসিয়েশন হলের পাশে এই সমাবেশ করা হয়।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবু বক্কর সিদ্দিক

আবুর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিমের পরিচালনায় সমাবেশে আরো বক্তব্য রাখেন জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, সদর থানা বিএনপির সাবেক প্রচার সম্পাদক মুন্সি আলাউদ্দীন, জেলা মৎস্যজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু, জেলা যুবদলের সাবেক আহ্বায়ক খালিদ মাহমুদ মিল্টন, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ।

এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা তরিকুল আলম বিলু, কুদ্দুস মহলদার, মিজানুর রহমান মিজান, হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝন্টু, মাবুদ সরকার, যুবদল নেতা আরিফুল ইসলাম, আজিজুল, শাহা আলম, শাহাবুদ্দীন, সানোয়ার মেম্বার, মহাসিন আলী, রুবেল হাসান, হ্যাপি হোসেন, শাহা জামাল, আবুল কালাম, রনি হাসান, আরিফুল, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আমানুল্লাহ আমান, যুগ্ন সম্পাদক আরিফ আহমেদ শিপলব, সোহেল সিদ্দিকী সোহেল, সাইমুজ্জামান মিশা, মোহাম্মদ রাজা, জিতু, কনক, বকুল হোসেন, মাহবুব, সোহাগ, আরাফাত, সাইমুম, আরিফুল।

বক্তারা পেঁয়াজ ও চালসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদ জানান এবং অবিলম্বে খালেদা জিয়ার মুক্তির দাবি করেন।

-প্রতিদিন ডেস্ক

গাংনীতে পৃথক দুর্ঘটনায় আহত ৩

মেহেরপুরের গাংনী উপজেলার পৃথক স্থানে পৃথক দুর্ঘটনায় নারীসহ তিন জন আহত হয়েছে। আহতরা হলো গোপালনগর গ্রামের অটো চালক ওয়াহেদ (৬২), আলেপের মেয়ে হোসনে আরা (২৫) ও নওপাড়া গ্রামের মৃত ইয়াকুবের ছেলে জয়নাল।

গতকাল সোমবার সকাল সাড়ে দশটার দিকে গাংনী-হাটবোয়ালিয়া রোডের

র্যাব ক্যাম্পের সামনে একটি অটোগাড়ি সামনে থাকা আলগামনকে ধাক্কা দিলে অটোগাড়ির চালকসহ হোসনে আরা নামের ঐ যাত্রি আহত হয়। এতে চালকের পায়ে জখম হয় ও নারী যাত্রীর মাথায় ও দেহের বিভিন্ন স্থানে আঘাত প্রাপ্ত হয়।

এদিকে একই উপজেলার নওপাড়া গ্রামে জয়নাল গমের হপারে ফিতা পরাতে গেলে অসাবধানতা বশত হাত মেশিনের ভিতর চলে গেলে হাতের দুটো আঙ্গুল বিচ্ছিন্ন হয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরতা চিকিৎসক আহত জয়নালকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজে রেফার্ড করেন।

বাকীরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

- গাংনী প্রতিনিধি